# দরসে নেজামী ও সাধারণ শিক্ষার সমন্বয়ে

## প্রস্তাবিত সিলেবাস

# রাশাদ একাডেমি

(জানুয়ারী ২০২১ ঈ.)

বেফাকুল মাদারিসিল আরাবিয়ার নেসাব অক্ষুণ্ন রেখে সাধারণ শিক্ষার প্রাথমিক স্তর থেকে স্নাতক পর্যন্ত মানবিক বিভাগের বিষয়সমূহ সমন্বিত করে এই সিলেবাস প্রণীত হয়েছে। এই সিলেবাস অনুযায়ী ইবতেদায়ী মারহালার পাশাপাশি ৫ম শ্রেণি, কাফিয়ার সাথে ১০ম শ্রেণি,শরহে বেকায়ার সাথে উচ্চ মাধ্যমিক, মেশকাতের সাথে স্নাতক এবং তাকমীলের পরে স্নাতকোত্তর পর্যায় সম্পন্ন করার সুযোগ রয়েছে।

## ব্যবস্থাপনায়


### মাদরাসা দারুর রাশাদ

১২/ ডি- ই, পল্লবী, মিরপুর, ঢাকা - ১২১৬ । ফোন : ০২- ৯০৩২৩৮১
মোবাইল : ০১৮৭৫- ০৭৭৯৭১, ০১৮৬৬- ৩৪২২৪৪


বিসমিল্লাহির রহমানির রহিম

## সিলেবাস প্রসঙ্গ

মুসলমানদের দীনি শিক্ষার ঐতিহ্যবাহী সবশেষ যে সিলেবাস চালু আছে, তা দরসে নেজামী নামে পরিচালিত। কওমী মাদরাসাগুলোতে এখনো এই সিলেবাস অনুসরণ করা হয়। হিজরী দ্বাদশ শতাব্দীর পখ্যাত আলেমে দীন মোল্লা নেজামুদ্দীন সাহালুভী এ নেসাব বা সিলেবাস প্রণয়ন করেছিলেন। নেজামী সিলেবাস যখন তৈরী করা হয়েছিল, তখন সমকালীন চাহিদা ও প্রয়োজন পূরণের জন্য তা ছিল সবচেয়ে উন্নত ব্যবস্থা । তাফসীর, হাদীস ও ফেকাহের নির্ভরযোগ্য মৌলিক গ্রন্থাদির সাথে রাখা হতো বুদ্ধিবৃত্তিক ও অভিজ্ঞতানির্ভর বিভিন্ন শাস্ত্র। যুক্তিবিদ্যা, দর্শন, বিজ্ঞান, গণিত, ভূগোল, ইত্যাদি বিষয়ের গ্রন্থসমূহ এতে অন্তর্ভুক্ত থাকত। আর তাফসীর, হাদীসের মূলনীতি, আরবী ভাষার ব্যাকরণ বা নাহব- ছরফের সাথে ভাষাশৈলী ও অলঙ্কার বা বালাগাত তো ছিলই। মোটকথা ইসলামী জ্ঞানবিদ্যা মানব জীবনের বৈষয়িক দিকগুলোতে প্রয়োগ করার জন্য এবং সমকালীন সমাজ, রাষ্ট্র ও পরিবেশের গতির সাথে ইসলামের প্রায়োগিকতা প্রমাণের জন্য প্রয়োজনীয় সব বিষয় সিলেবাসভুক্ত রাখা হয়েছিল সুচিন্তিত পরিকল্পনার সাথে।

এ কারণেই দরসে নেজামীর শিক্ষাপ্রাপ্ত কোন ব্যক্তির মধ্যে অপূর্ণতা থাকত না। প্রাশাসনিক দপ্তর, ব্যবসায়িক প্রতিষ্ঠান কিংবা শিল্প কারখানর উদ্যোগ, ব্যবস্থাপনা, পরিচালনা, পরিকল্পনা, গবেষণা, শিক্ষা, স্বাস্থ্য,সংস্কৃতি, বিচার সমর, ইত্যাদি সব বিভাগে দরসে নেজামী পড়ুয়ারাই নেতৃত্ব দিতেন সফলতার সাথে। ঠিক তেমনি উম্মাহবিরোধী চক্রান্ত ও তৎপরতা প্রতিরোধে সব সময় বিজয়ী থাকতেন তারা। আকীদার ক্ষেত্রে তারা হতেন সংশয়হীন, ইবাদতে নিষ্ঠাবান, কায়কারবারে দক্ষ ও কুশলী, প্রশাসনে বিচক্ষণ, আর সমরক্ষেত্রে সুনিপুণ। ইসলামের বিরুদ্ধে বুদ্ধিবৃত্তিক আগ্রাসন হলে তারা তার জবাব দিতেন অকাট্য যুক্তিপদ্ধতি ও স্বীকৃত দর্শনের মাধ্যমে। সর্বক্ষেত্রে তাঁরাই ছিলেন মুসলিম উম্মাহর অনুসরণীয় ব্যক্তি। মোটকথা শিক্ষিত বলতে তখন দরসে নেজামীর ফাযেলগণই উদ্দেশ্য হতেন। কিন্তু এতদঞ্চলে ইংরেজ রাজত্ব প্রতিষ্টা এবং ফিরিঙ্গীদের অধিপত্য সুদৃঢ় হওয়ার পর ইংরেজরা এক নতুন শিক্ষা ব্যবস্থা প্রণয়ন করে এবং সরকারী চাকুরী ও পদ লাভ করার জন্য এই নতুন শিক্ষা ব্যবস্থার সনদের অধিকারী হওয়াকে পূর্বশর্ত সাবাস্ত করে। এই ষড়যন্ত্রের কারণে ধর্মীয় জ্ঞান বিলীন হওয়ার কাছকাছি পৌঁছে গিয়েছিল। কিন্তু পাক- ভারত উপমহাদেশের ওলামায়ে কেরাম এ ক্ষেত্রে উঁচু মনোবল ও সাহসিকতার পরিচয় দেন এবং জীবনের সুখ- স্বাচ্ছন্দ্য ও আরাম আয়েশের তোয়াক্কা না করে নিজেদের সময় ও যোগ্যতাকে দীনি এলেমের পঠন- পাঠন ও বিতরণের জন্য সঁপে দেন। এভাবেই তাঁরা দীনি ইলমকে টিকিয়ে রাখতে সক্ষম হন। বর্তমানে পাক- ভারতে ধর্মীয় জ্ঞানের যে স্বরূপ অবশিষ্ট আছে এবং ঈমান, ইসলাম, ইখলাস ও নিষ্ঠার যে চিত্র গোচরীভূত হয় তার সবই প্রথমত আল্লাহর অনুগ্রহ এবং দ্বিতীয়ত ওলামায়ে কেরামের প্রচেষ্টার সফল।

**ভারত বিভাজন পরবর্তী নেসাব তা'লীম ঃ** স্বাধীনতা লাভের পর আশা ছিল দেশে যে পাঠ্যক্রম বা নেসাবে তা'লীম প্রণয়ন হবে তা ইসলামী শিক্ষা ব্যবস্থা হবে। কিন্তু ইসলামী শাসন ব্যবস্থার মত ইসলামী শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রেও উপমহাদেশের মুসলমানদের স্বপ্ন বাস্তবতার মুখ দেখতে পায়নি। প্রয়োজন ছিল সরকারী পৃষ্ঠপোষকতায় পরিচালিত স্কুল কলেজে আধুনিক জ্ঞানে- বিজ্ঞানের পাশাপাশি দীনি শিক্ষাকে গুরুত্ব দেয়া। কিন্তু এ প্রতিষ্ঠানসমূহে দীনি জ্ঞানের প্রতি তেমন গুরুত্ব দেয়া হয়নি। এতে কোন সন্দেহ নেই যে, দীনি মাদরাসাসমূহের সিলেবাসে সংস্কারের অবকাশ রয়েছে। কিন্তু সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সিলেবাস সংশোধন ও সংস্কারের প্রয়োজনীয়তা অনেক গুণ বেশী।

এখানে উপমহাদেশের শীর্ষস্থানীয় তিনজন আলেমের মতামত উল্লেখ করা হচ্ছে -

## হযরত মাওলানা শামছুল হক ফরিদপুরী র.

দরসে নেজামীর হাকীকত এই যে, শুধু মা' কুলাত, অর্থাৎ যুক্তি ও তর্কশাস্ত্র বা জ্ঞান- বিজ্ঞান বা শুধু 'মানকূলাত' অর্থাৎ কুরআন- হাদীস পড়ানো উচিত নয়। বরং মানকুলাত ও মা'কুলাত একত্রে পড়ানো উচিত। কারণ - মানকুলাতের উদ্দেশ্য আল্লাহ যা বলেছেন,রাসূল সা. যা বলেছেন এবং করে দেখিয়ে গেছেন সেটাকে ভাল মতো বুঝে বিশ্বাস ও ভক্তিসহ শক্ত করে আঁকড়িয়ে ধরে রাখতে হবে। মা' কুলাত প্রগতিশীল এবং যুক্তিভিত্তিক সত্য। ভক্তি বিশ্বাস ব্যতীত যেমন শুধু যুক্তিতে কোন একটি কাজও সাধিত হয় না বরং শুধু যুক্তি অনেক সময় মানুষকে বিপথে নিয়ে যায়, তদ্রুপ যুক্তি না থাকলেও মানুষ অনেক সময় অন্ধবিশ্বাসে এবং মিথ্যা ভক্তিতে পতিত হয়ে গোমরাহ হয়। কাজেই যুক্তি এবং ভক্তি মানকুলাত ও মা'কুলাত একত্রেই দরকার। অবশ্য লক্ষ্য রাখতে  হবে যে, মানকুলাতের অর্থ আল্লাহর কুরআন, রাসূর সা. এর হাদীসের অর্থ এবং সূক্ষ্মতত্ত্বের বাইরে নয়।সূক্ষ্মতত্ত্ব সেগুলো আইম্মায়ে এজাম, ছুফিয়ানে কেরাম যা বের করেছেন। যা মনগড়া বাজে গল্প, তা বিশ্বাস করা যাবে না, যাকে তাকে ভক্তি করা যাবে না। ম'কুলাতের কোন সীমা নেই। যামানা যেমন বাড়তে থাকবে, মা'কুলাতও তেমন বাড়তে থাকবে-যা দ্বারা আকল বাড়ে। খোদামুখি বিজ্ঞানই বিজ্ঞান। নাস্তিকতা বিজ্ঞান নয়, ধৃষ্টতা ও অন্ধত্ব বৈ আর কিছুই নয়। কাজেই হাদীস ও কুরআনের আলোর দ্বারা সমস্ত মা'কুলাতকে - যুক্তি- তর্কশাস্ত্র, সাধারণ বিজ্ঞানকে আলোকিত করতে হবে এবং হাল ধরে রাখতে হবে। কাজেই দরসে নেজামীই একমাত্র ঔষধ।

## হযরত মাওলানা ইউসূফ বিনুনুরী  র.

মাদরাসার নেসাবে তা'লীমের সংস্কার, সংযোজন ও সংশোধন আবশ্যক। এজন্যে নয় যে, তা আধুনিককালে যথেষ্ট নয় কিংবা যথাযথ যোগ্যতা সৃষ্টি করতে অপারগ। এরং আরো আধুনিক জ্ঞান-বিজ্ঞান কিংবা সাধারণ জ্ঞান অর্জন করা আবশ্যক। সময়ের চাহিদা পরিবর্তিত হয়ে গেছে। স্বভাব-প্রকৃতিতে পরিবর্তনের ছোঁয়া লেগেছে। রুচি-অভিরুচি ও ধ্যান ধারণায় ভিন্নতা এসেছে। মনন- মস্তিষ্ক বর্ণনার মারপ্যাঁচ ও সূক্ষ্ম কথাবার্তা অনুধাবন ও গ্রহণ করার যোগ্যতা হারিয়ে ফেলেছে। চিন্তা করলে দেখা যাবে আমাদের মাদরাসাসমূহে বিশ বাইশ শাস্ত্রের প্রায় শ'খানেক কিতাব পড়ানো হয়। এসবের ওপর লেখক চিন্তা করে দেখেছে, তাতে সর্বোচ্চ দশটি কিতাব এমন আছে। যার পরিবর্তে অন্য কিতাব পাওয়া দুষ্কর। বাকি সব পুরোনো কিতাবের পরিবর্তে উন্নত কিতাব পাওয়া সম্ভব। আমরা সেসব পুরোনো শাস্ত্রকে নির্বাসন দিতে চাই না । বরং সেসব শাস্ত্রে সঠিক দক্ষতা ও যোগ্যতা সৃষ্টি করার জন্য উন্নত কিতাব অন্তর্ভুক্ত করতে চাই। সেসব ইসলামী শাস্ত্রের কল্যাণের জন্য এবং বর্তমান প্রজন্মের উপকারের দিকে লক্ষ্য রেখেই এ ধরনের আশা পোষণ করি।

আমরা যদি এখনও সেসব অপ্রয়োজনীয় বিষয়ের উপর অবিচল থাকি তবে ইসলামী জ্ঞান-বিজ্ঞান থেকে মানুষের দৃষ্টি সরে যাবে। আর আমাদের এই কর্মপদ্ধতি আমাদের পূর্বসূরীদের 'গর্বিত উত্তরাধিকার' এবং এই জ্ঞানভাণ্ডার ও পূঁজিকে সর্বনাশের ঘাটে অবতীর্ণ করবে। এর চেয়েও অধিক প্রয়োজন নেজামে তা'লীমের সংস্কার। নেজামে তা'লীম বলতে আমার উদ্দেশ্য এক ব্যাপক অর্থ। যাতে ছাত্রদের তারবিয়াত ও নেগরানী, ছাত্রদের পড়াশুনার মান, চারিত্রিক উন্নতি, শিক্ষাদান পদ্ধতি, মুতালা'আ তথা অধ্যয়নের প্রক্রিয়া, কোন কোন বিষয়ের প্রতি অধিক মনোযোগ



দেয়া অবশ্যক, ছাত্রদের মানসিক তারবিয়াতের জন্যে কি কি মাধ্যম অবলম্বন করা হবে, ছাত্রদের মধ্যে যোগ্যতা সৃষ্টির জন্য তারগীব- তারহীবের কি কি মাধ্যম অবলম্বন করতে হবে- মোটকথা, এসলাহ ও তাকওয়া, জ্ঞানগত মান, যোগ্যতা, এখলাস ও আমলে প্রাণ সঞ্চার করার জন্য কি কি পদক্ষেপ গ্রহণ করতে হবে ( তার সবকিছু এতে অন্তর্ভুক্ত।)

## হযরত মাওলানা মুফতী মুহাম্মাদ শফী র.

যদি আমাদের পূর্বসূরীরা সমসাময়িক প্রয়োজনের তাগিদে ফারসী ভাষা শিখতে পারেন,ইউনানী, মানতিক, দর্শন ও অংক শাস্ত্রের জন্য নেসাবে তা'লীমের এক বড় অংশ ছেড়ে দিতে পারেন, তবে তাদের অনুসরণ এর মধ্যে নয় যে, আমরা বর্তমানেও সেসব বিলুপ্ত জ্ঞান- বিজ্ঞান বাজারে ফেরি করে বেড়াবো। বরং সময়ের চাহিদা ও প্রয়োজনের তাগিদে ইংরেজী ভাষা ও আধুনিক জ্ঞান- বিজ্ঞান শেখা ও শেখানো সেই মর্যদা রাখে যা সে যুগে ফারসী ভাষা ও ইউনানী  দর্শনের ক্ষেত্রে ছিল। যদি বর্তমানে এই বাস্তবতা অনুধাবন করে আমাদের দ ওলামায়ে কেরাম ফার্সী ভাষার পরিবর্তে ইংরেজী এবং ইউনানী  দর্শনের পরিবর্তে আধুনিক বিজ্ঞান ও দর্শনকে সেই স্থান দেন, তবে তাতে ইলমে দীন শিক্ষা দানের ক্ষেত্রে না কোন জটিলতা দেখা দেবে, না তা পূর্বসূরীদের আদর্শের পরিপন্থী হবে। আধুনিক যুগে একজন আলেমে দীনের জন্যে আধুনিক জ্ঞান-বিজ্ঞান সম্পর্কে গ্রহণযোগ্য পরিমাণ ধারণা রাখাকে আমরা আবশ্যক মনে করি। বিশেষতঃ ইংরেজী ভাষা (যা বর্তমানে আন্তর্জাতিক ভাষার মর্যাদা লাভ করেছে) জানা একজন আলেমে দীনের জন্য নেহায়েত জরুরী।

দীনি মাদরাসাসমূহে মূল যোগ্যতা পারদর্শিতা ও বিশেষত্ব ধর্মীয় জ্ঞানশাস্ত্রেই হবে, যাতে সেসব জ্ঞানে পরিপক্বতা সৃষ্টি হয়। পাশাপাশি আধুনিক বিভিন্ন শাস্ত্র ( মানবিক শাখার অন্তর্ভূক্ত বিভিন্ন বিষয়) সম্পর্কিত জ্ঞানও সংযোজিত হবে এবং এতদুভয় প্রকার জ্ঞান অর্জনের সময় ঈমান ও আমালে সালেহের পরিবেশে এক সুশৃংখল ব্যবস্থা হবে এই শিক্ষার অংশ।

# মূল বক্তব্য

মানুষের ইহও পারলৌকিক কল্যাণ নির্ভর করে মহান আল্লাহর বিধান ও রাসূলুল্লাহ সা. এর সুন্নাহ মোতাবেক জীবন পরিচালনার উপর। সেজন্য কুরআন মজীদ ও নববী সুন্নাহর বিদ্যা অর্জন করা প্রত্যেক মুসলমান নর- নারীর জন্য অত্যাবশ্যকীয় শরয়ী  বিধান। কিন্তু মুসলিম দেশগুলোতে শিক্ষাব্যবস্থা অন্যতম প্রধান অবহেলিত ক্ষেত্র। পশ্চিমা দেশগুলোর অনুসরণে প্রণীত আমাদের জাতীয় শিক্ষাব্যবস্থায় ইসলামী  নৈতিকতা ও জ্ঞানের ব্যাপক ঘাটতি রয়েছে। অন্যদিকে কওমী মাদরাসাগুলো ( দেওবন্দ- সাহারানপুরপন্থী  ইসলামী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) পরিচালিত হচ্ছে সেই সিলেবাস অনুসারে, যা অনেক আগে প্রণীত হয়েছিল। তখন এ দেশে ছিল ঔপনিবেশিক শক্তির অধীনে এবং আমাদের পূর্বসুরী ওলামায়ে কেরাম কমপক্ষে ইসলামের মৌলিক শিক্ষসমূহ রক্ষার চিন্তা করেছিলেন। সুতরাং সেই সিলেবাসে মানবীয় জ্ঞানসমূহ এবং স্থানীয় ও আন্তর্জাতিক ভাষা রাখা হয়নি। অথচ এখন আমাদের রাষ্ট্রযন্ত্রের সব বিভাগ পরিচালিত হচ্ছে নতুন কাঠামো অনুযায়ী। সেখানে কওমী মাদরাসার স্নাতকরা সুযোগ পাচ্ছে না। ফলে সামগ্রিক উন্নতির ক্ষেত্রে জাতি এসব মেধাবী  সন্তানদের সেবা থেকে বঞ্চিত হচ্ছে এবং কওমী  মাদরাসার স্নাতকরা সামাজিক ও রাষ্ট্রীয় কার্যক্রমের বাইরে থেকে যাচ্ছে। এ কারণেই সনাতনী কওমী  মাদরাসার সিলেবাস ও এই অত্যাধুনিক যুগের সাধারণ বিষয়সমূহের সমন্বয়ে নুতন সিলেবাস চালু করা মুসলিম উম্মাহর সবচেয়ে বড় চাহিদা। এ কারণেই আমরা এ ধরনের একটি নতুন সিলেবাস প্রস্তাব করছি।

বেফাকুল মাদারিসিল আরাবিয়ার নেসাব অক্ষুণ্ন রেখে সাধারণ শিক্ষার প্রাথমিক স্তর থেকে স্নাতক পর্যন্ত মানবিক বিভাগের বিষয়সমূহ সমন্বিত করে এই সিলেবাস প্রণীত হয়েছে। তবে বিজ্ঞান ও ব্যবসায় বিভাগের বিষয়সমূহ পরবর্তীতে সমন্বিত করা যাবে। আর শিক্ষার্থীরা বেফাকুল মাদারিস থেকে মারহালায়ে তাকমমীল সম্পন্ন করার পরে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রী হাসিল করতে পারবে।

## লক্ষ্য ও উদ্দেশ্য

এ সিলেবাসের মাধ্যমে এমন যোগ্য আলেম তৈরী হবেন যারা সমকালীন প্রয়োজন ও মুসলিম উম্মাহর চাহিদা মেটানোর চাহিদা মেটানোর জন্য সাধারণ বিষয়সমূহে পুরোপুরি সজ্জিত থাকবেন এবং রাষ্ট্র ও গোটা মানবজাতির সেবা করতে পারবেন। তারাই সমস্ত বিশ্বে ইসলামী  শিক্ষা ও মুসলিম জাতির শ্রেষ্ঠত্ব প্রমাণ করবেন।

**মূল লক্ষ্য :**এই সিলেবাসের মূল লক্ষ্য এমন মানব সম্পদ গড়ে তোলা যাদের ব্যক্তিত্ব গড়ে উঠবে পরিপূর্ণ ঈমান, দীনের পরিপক্ব জ্ঞান ও সমসাময়িক প্রয়োজনীয় জ্ঞানের মাধ্যমে। কেননা আমাদের মতে, বর্তমান যুগে মুসলিম উম্মাহকে যথাযথ দিক নির্দেশনা দেওয়ার উপযোগী ব্যক্তি কেবল তাঁরাই হতে পারেন যাদের অন্তরে ঈমানের নূর আলোকিত হবে এবং পাশাপাশি দীনের পরিপক্ক জ্ঞান ও আধুনিক জ্ঞান- বিজ্ঞানের অলঙ্কারে সজ্জিত হবে।

## কর্মসূচি ও রূপরেখা

আমাদের প্রস্তাবিত সিলেবাস আনুযায়ী শিক্ষা ব্যবস্থা পাঁচটি স্তরে বিভক্ত থাকবে–

**প্রথম স্তর :** জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি এবং কওমী মাদরাসার কায়েদা থেকে তাইসিরুল মুবতাদী জামাআত পর্যন্ত এতে সম্পন্ন হবে। এস্তরের মেয়াদ হবে পাঁচ বছর।

**দ্বিতীয় স্তর :** জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ষষ্ঠ শ্রেণি থেকে দশম শ্রেণি এবং কওমী মাদরাসার মীযান জামাআত থেকে কাফিয়া জামাআত পর্যন্ত এতে সম্পন্ন হবে। এ স্তরের মেয়াদ হবে পাঁচ বছর। তারপর ছাত্রদেরকে স্থানীয় কোন মাধ্যমিক বিদ্যালয় থেকে দেশের যে কোন একটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা দেওয়ার সুযোগ করে দিতে হবে।

**তৃতীয় স্তর :** দুই বছর মেয়াদী তৃতীয় স্তরে জাতীয় শিক্ষক্রমের উচ্চ মাধ্যমিক স্তর ও কওমী মাদরাসার শরহে বেকায়া জামাআত সম্পন্ন হবে। তারপর ছাত্রদেরকে স্থানীয় কোন কলেজ থেকে উপরোক্ত কোন বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ করে দিতে হবে।

**চতুর্থ স্তর :** তিন বছর মেয়াদী চতুর্থ স্তরে স্বীকৃত বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতক পর্যায় এবং কওমী মাদরাসার মেশকাত জামাআত সম্পন্ন হবে। এ সময়ে ছাত্রদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণের ব্যবস্থা করতে হবে।

**পঞ্চম স্তর :** পঞ্চম ও চূড়ান্ত স্তর হবে এক বছরের। এ সময়ে ছাত্ররা তাফসীর, হাদীস, ফিকাহ, আরবী সাহিত্য ইত্যাদি যে কোন একটি বিষয়ে তাকমীল করবে। এরপর তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে মাস্টার্স পরীক্ষায় অংশ নেবে।

**বি.দ্র. ঃ ১**। দশম শ্রেণি/ কাফিয়ার জামাআত শেষ করার পর ছাত্ররা এসএসসি পরীক্ষায় অংশ নেবে। এইচইসসি পরীক্ষায় অংশ নেবে শরহে বেকায়া জামাআত শেষ করার পর। এবছর বেফাকের পরীক্ষায় অংশ নিতে হবে।  সেমতে প্রয়োজন অনুসারে অগ্রাধিকার ভিত্তিতে দরসের সময় ও বিষয় বিন্যাস্ত করতে হবে। যেমন কাফিয়ার জামাআতের পার এসএসসি পরীক্ষার প্রস্তুতির জন্য দরসে নেজামীর বিষয়সমূহ কমপক্ষে দেড়মাস বন্ধ রেখে এসএসসির বিষয়সমূহের জন্য পুরো সময় ব্যয় করতে হবে।

তেমনি শরহে বেকায়া ও এইচএসসির মধ্যে যে পরীক্ষাটা আগে হবে, সেটার প্রস্তুতির জন্য কমপক্ষে দেড়মাস অপরটির দরস বন্ধ রাখতে হবে। বেফাক পরীক্ষার মতো এসএসসি/ এইচএসসি ইত্যাদি পরীক্ষার প্রস্তুতিতেও প্রতিষ্ঠানের পক্ষ থেকে ব্যবস্থা ও সহযোগিতা থাকতে হবে।

বি. দ্র. ঃ ২। প্রথম দিকে অন্য স্কুল/ কলেজ থেকে পরীক্ষা দেয়া হবে। তারপর অনুমোদন সাপেক্ষে সরাসরি প্রতিষ্ঠানের নামেই বোর্ড পরীক্ষা দেয়া যাবে।



## শিক্ষকমণ্ডলী

এ ধরনের প্রতিষ্ঠানের জন্য উপযুক্ত শিক্ষক হবেন তারাই যাদের কওমী মাদরাসা ও সাধারণ শিক্ষা উভয় প্রেক্ষাপট আছে। যদি এমনটি না পাওয়া যায়, তাহলে কওমী মাদরাসার মেধাবী আলেম ও স্বীকৃত বিশ্ববিদ্যালয়সমূহের গ্রাজুয়েটদের নির্বাচন করতে হবে।

## আবাসিক শিক্ষা

এটি সম্পূর্ণ আবাসিক শিক্ষাব্যবস্থা হবে, যাতে সম্মানিত শিক্ষকরা ছাত্রদের সর্বক্ষণ দেখাশোনা করতে পারেন।

## পূর্ণাঙ্গ শিক্ষাব্যবস্থা

এটা হবে একটি পূর্ণাঙ্গ শিক্ষাব্যবস্থা যা মুসলিম উম্মাহর চাহিদা পূরণ করবে। এতে প্রাথমিক স্তর থেকে স্নাতকোত্তর ও  গবেষণা সুবিধা পর্যন্ত সবকিছুই সম্পন্ন করা হবে।

## শিক্ষাবর্ষপঞ্জী

শিক্ষাবর্ষ শুরু শাওয়াল মাস থেকে । দরস শুরু ১৫ই শাওয়াল এবং প্রতি শিক্ষাবছরে সর্বমোট তেত্রিশ সপ্তাহ দরস হবে।

## পরীক্ষা

বছরে তিনটি সাময়িক পরীক্ষা হব। দু' পরীক্ষার মাঝখানে তিন মাস বা ১২ সপ্তাহ ব্যবধান থাকবে। এ ছাড়া প্রত্যেক বিষয়ের একটি করে অধ্যায় শেষ হওয়ার পর প্রতি তিন সপ্তাহ পর পর টিউটোরিয়াল পরীক্ষা হবে।

| | | |
|---|---|---|
| প্রথম সাময়িক পরীক্ষা | : | মহররম মাসের শেষ সপ্তাহ |
| দ্বিতীয় সাময়িক পরীক্ষা | : | রবিউছ ছানী মাসের শেষ সপ্তাহ। |
| বার্ষিক পরীক্ষা | : | শাবান মাসের দ্বিতীয় সপ্তাহ। |

## ছুটিসমূহ

প্রথম সাময়িক পরীক্ষার পর- এক সপ্তাহ, দ্বিতীয় সাময়িক পরীক্ষার পর - এক সপ্তাহ  বার্ষিক পরীক্ষার পর- এক সপ্তাহ, ঈদুল ফিতর উপলক্ষে - ১০ দিন। ঈদুল অযহা উপলক্ষে - ১০ দিন

## দরস বন্ধ

প্রথম সাময়িক পরীক্ষার প্রস্তুতির জন্য এক সপ্তাহ এবং পরীক্ষার দিনগুলো।
দ্বিতীয় সাময়িক পরীক্ষার প্রস্তুতির জন্য এক সপ্তাহ এবং পরীক্ষার দিনগুলো।
বার্ষিক পরীক্ষার  প্রস্তুতির জন্য দুই সপ্তাহ এবং পরীক্ষার দিনগুলো।

উপসংহার ঃ ইসলাম, দেশ ও জাতীর খেদমতের এক মহান ব্রত নিয়ে আমরা এই মহৎ উদ্যোগের সূচনা করতে যাচ্ছি। আমরা আশা রাখি আমাদের এই উদ্দ্যেগ সফল হলে এর দ্বারা ইসলামের যেমন উপকার হবে তেমনি মুসলিম উম্মাহ তাদের ক্রান্তিকাল অতিক্রম করার সাহস ও হিম্মত পাবে। আমাদের এই উদ্যোগ একক ব্যক্তির দ্বারা বাস্তবায়ন সম্ভব নয়। এর জন্য প্রয়োজন ঐকান্তিক সহযোগিতা ও মঙ্গল কামনা । তাই আমরা সর্বস্তরের আলেম, বুদ্ধিজীবী ও সুধী সমাজের কাছে এ বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ, দিকনির্দেশনা ও সহোযোগিতা কামনা করছি।

# বিস্তারিত সিলেবাস

## প্রাথমিক স্তর المرحلة الابتدائية

### শিশু শ্রেণি صف الا طفال

| ক্র. ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতার/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন মাজীদ | ৬ | ১৮০ | আরবী হরফের পরিচয় | নূরানী/ নাদিয়া |
| ২ | মাসায়েল | ৩ | ৯০ | নূরানী/ নাদিয়া নেসাব | নূরানী/ নাদিয়া বোর্ড |
| ৩ | হাদীস | ৬ | ১৮০ | নূরানী/ নাদিয়া নেসাব | নূরানী/ নাদিয়া বোর্ড |
| ৪ | মাসনুন দোয়া | ৩ | ৯০ | নূরানী/ নাদিয়া নেসাব | নূরানী/ নাদিয়া বোর্ড |
| ৫ | বাংলা | ৬ | ১৮০ | শিশু শ্রেণি | কওমী মাদরাসা শিক্ষা বোর্ড |
| ৬ | গণিত | ৬ | ১৮০ | শিশু শ্রেণি | কওমী মাদরাসা শিক্ষা বোর্ড |
| ৭ | ইংরেজী | ৬ | ১৮০ | শিশু শ্রেণি | কওমী মাদরাসা শিক্ষা বোর্ড |
| ৮ | চারুকলা | ৬ | ১৮০ | | |

### প্রথম শ্রেণি الصف الاول

| ক্র. ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতার/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন মাজীদ | ৬ | ১৮০ | শেষের ১০ সূরা মুখস্ত | নূরানী/ নাদিয়া কায়দা শেষ |
| ২ | মাসায়েল | ৩ | ৯০ | নূরানী/ নাদিয়া নেসাব | নূরানী/ নাদিয়া বোর্ড |
| ৩ | হাদীস | ৬ | ১৮০ | নূরানী/ নাদিয়া নেসাব | নূরানী/ নাদিয়া বোর্ড |
| ৪ | মাসনুন দোয়া | ৩ | ৯০ | নূরানী/ নাদিয়া নেসাব | নূরানী/ নাদিয়া বোর্ড |
| ৫ | বাংলা | ৬ | ১৮০ | ১ম শ্রেণি | কওমী মাদরাসা শিক্ষা বোর্ড |
| ৬ | গণিত | ৬ | ১৮০ | ১ম শ্রেণি | কওমী মাদরাসা শিক্ষা বোর্ড |
| ৭ | ইংরেজী | ৬ | ১৮০ | ১ম শ্রেণি | কওমী মাদরাসা শিক্ষা বোর্ড |
| ৮ | সমাজ | ৩ | ৯০ | ১ম শ্রেণি | |
| ৯ | বিজ্ঞান | ৩ | ৯০ | ১ম শ্রেণি | |

### দ্বিতীয় শ্রেণি الصف الثانى

| ক্র. ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতার/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন মাজীদ | ৬ | ১৮০ | ৩০ নং পারা নাজেরা | |
| ২ | মাসায়েল | ৩ | ১০৫ | মৌখিক | নূরানী/ নাদিয়া বোর্ড |
| ৩ | হাদীস | ৬ | ২১০ | নূরানী/ নাদিয়া নেসাব | নূরানী/ নাদিয়া বোর্ড |
| ৪ | মাসনুন দোয়া | ৩ | ১০৫ | নূরানী/ নাদিয়া নেসাব | নূরানী/ নাদিয়া বোর্ড |
| ৫ | বাংলা | ৬ | ২১০ | ২য় শ্রেণি | কওমী মাদরাসা শিক্ষা বোর্ড |



| ক্র. ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতার/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ৬ | গণিত | ৬ | ২১০ | ২য় শ্রেণি | কওমী মাদরাসা শিক্ষা বোর্ড |
| ৭ | ইংরেজী | ৬ | ২১০ | ২য় শ্রেণি | কওমী মাদরাসা শিক্ষা বোর্ড |
| ৮ | সমাজ | ৩ | ১০৫ | ২য় শ্রেণি | কওমী মাদরাসা শিক্ষা বোর্ড |
| ৯ | বিজ্ঞান | ৩ | ১০৫ | ২য় শ্রেণি | কওমী মাদরাসা শিক্ষা বোর্ড |

### তৃতীয় শ্রেণি الصف الثالث

| ক্র. ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতার/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন মাজীদ | ৬ | ২১০ | হুজুরাত থেকে ২৯ পারা নাজেরা | |
| ২ | মাসায়েল | ৩ | ১০৫ | নূরানী/ নাদিয়া নেসাব | নূরানী/ নাদিয়া বোর্ড |
| ৩ | হাদীস | ৬ | ২১০ | নূরানী/ নাদিয়া নেসাব | নূরানী/ নাদিয়া বোর্ড |
| ৪ | আরবী | ৩ | ১০৫ | ওয়ার্ড বুক | |
| ৫ | বাংলা | ৬ | ২১০ | ৩য় শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৬ | গণিত | ৬ | ২১০ | ৩য় শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৭ | ইংরেজী | ৬ | ২১০ | ৩য় শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৮ | সমাজ | ৩ | ১০৫ | ৩য় শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৯ | বিজ্ঞান | ৩ | ১০৫ | ৩য় শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |

### চতুর্থ শ্রেণি الصف الرابع

| ক্র. ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতার/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন মাজীদ | ৪ | ১৪০ | শেষ দশ পারা নাজেরা | |
| ২ | হাদীস | ১ | ৩৫ | চল্লিশ হাদীস | ইমাম নববী র. |
| ৩ | আরবী | ৬ | ২১০ | এসো আরবী শিখি | |
| ৪ | উর্দু | ৩ | ১০৫ | উর্দু কায়দা, পহেলী | |
| ৫ | ফিকাহ | ৩ | ১০৫ | তালীমুল ইসলাম ১,২ | |
| ৬ | বাংলা -১ | ৬ | ২১০ | ৪র্থ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৭ | বাংলা -২ | ৩ | ১০৫ | ৪র্থ শ্রেণি | |
| ৮ | ইংরেজী-১ | ৬ | ২১০ | ৪র্থ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৯ | ইংরেজী-২ | ৩ | ১০৫ | ৪র্থ শ্রেণি | |
| ১০ | গণিত | ৬ | ২১০ | ৪র্থ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১১ | সমাজ | ৩ | ১০৫ | ৪র্থ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১২ | বিজ্ঞান | ৩ | ১০৫ | ৪র্থ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |

## পঞ্চমশ্রেণি الصف الخامس

| ক্র.ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতাব/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন তাজবীদ | ৪ | ১৪০ | ১০-২০ পারা নাজেরা | |
| ২ | হাদীস | ১ | ৩৫ | চল্লিশ হাদীস | ইমাম নববী র. |
| ৩ | উর্দু | ৩ | ১০৫ | উর্দু দুসরী, তেসরী | |
| ৪ | ফিকাহ | ৪ | ১৪০ | তালীমুল ইসলাম ৩,৪ | মুফতি কেফায়াতুল্লাহ র . |
| ৫ | আরবী | ৫ | ১৭৫ | এসো আরবী শিখি -১,২ | মাওঃ আবু তাহের মেসবাহ |
| ৬ | বাংলা -১ | ৬ | ২১০ | ৫ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৭ | বাংলা -২ | ৩ | ১০৫ | ৫ম শ্রেণি | |
| ৮ | ইংরেজী-১ | ৬ | ২১০ | ৫ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৯ | ইংরেজী-২ | ৩ | ১০৫ | ৫ম শ্রেণি | |
| ১০ | গণিত | ৩ | ১০৫ | ৫ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১১ | সমাজ | ৩ | ১০৫ | ৫ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১২ | বিজ্ঞান | ৩ | ১০৫ | ৫ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৩ | কম্পিউটার শিক্ষা | | | | |

# মাধ্যমিক স্তর المر حلة المتو سطة

## ষষ্ঠ শ্রেণি الصف السادس

| ক্র.ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতাব/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন তাজবীদ | ৪ | ১৪০ | ১ম দশ পারা নাজেরা | |
| ২ | তাজবীদ | ১ | ৩৫ | নুজহাতুল কারী | কারী ইবরাহীম র. |
| ৩ | হাদীস | ১ | ৩৫ | ৪০ হাদীস | ইমাম নববী র. |
| ৪ | সরফ | ৬ | ২১০ | মীযান, সফওয়াতুল মাসাদির | |
| ৫ | আরবী সাহিত্য | | | এসো আরবী শিখি-২,৩ | মাওঃ আবু তাহের মেজবাহ |
| ৬ | বাংলা -১ | ৪ | ১৪০ | ৬ষ্ঠ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৭ | বাংলা -২ | ২ | ৭০ | ৬ষ্ঠ শ্রেণি | |
| ৮ | ইংরেজী-১ | ৪ | ১৪০ | ৬ষ্ঠ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৯ | ইংরেজী-২ | ২ | ৭০ | ৬ষ্ঠ শ্রেণি | |
| ১০ | গণিত | ৬ | ২১০ | ৬ষ্ঠ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১১ | বাওবি | ৩ | ১০৫ | ৬ষ্ঠ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১২ | বিজ্ঞান | ৩ | ১০৫ | ৬ষ্ঠ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৩ | তথ্য ও যো.প্র. | | | ৬ষ্ঠ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |



## সপ্তমশ্রেণি الصف السابع

| ক্র.ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতাব/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন মাজীদ | ২ | ৭০ | ৩০ নং পারা হিফজ | |
| ২ | ফিকাহ | ৫ | ১৭৫ | আল ফিকহুল মুয়াসসার | |
| ৩ | আরবী সাহিত্য | ৫ | ১৭৫ | রওজাতুল আদব | মুশতাক আহমদ র. |
| ৪ | নাহব-১ | ৫ | ১৭৫ | নাহবেমীর | মীর সাইয়েদ শরীফ জুরজানী র. |
| ৫ | নাহব-২ | | | শরহে মিয়াতে আমেল | মীর সাইয়েদ শরীফ জুরজানী র. |
| ৬ | সরফ | ৫ | ১৭৫ | ইলমুস সরফ-৩ | মুশতাক আহমদ চরথাওলী র. |
| ৭ | ইতিহাস | ১ | ৩৫ | সীরাতে খাতিমুল আম্বিয়া | মাওঃ মুহাম্মদ শফী র. |
| ৮ | বাংলা -১ | ৪ | ১৪০ | ৭ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৯ | বাংলা -২ | ২ | ৭০ | ৭ম শ্রেণি | |
| ১০ | ইংরেজী-১ | ৪ | ১৪০ | ৭ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১১ | ইংরেজী-২ | ২ | ৭০ | ৭ম শ্রেণি | |
| ১২ | গণিত | ৫ | ১৭৫ | ৭ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৩ | সমাজ | ৩ | ১০৫ | ৭ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৪ | বিজ্ঞান | ৩ | ১০৫ | ৭ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |

## অষ্টমশ্রেণি الصف الثامن

| ক্র.ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতাব/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন | ৫ | ১৭৫ | | |
| ২ | হাদীস | ১ | ৩৫ | ফয়জুল কালাম-২ | মুফতী ফয়জুল্লাহ র. |
| ৩ | | ৬ | ২১০ | কুদুরী | শফীকুর রহমান নদভী র. |
| ৪ | আরবী সাহিত্য | ৬ | ২১০ | আল কেরাআতুর রাশেদা ১,২ | সাইয়েদ আবুল হাসান আলী নদভী র. |
| | | | | কাসাসুন নাবিয়্যীন ১,২ | সাইয়েদ আবুল হাসান আলী নদভী র. |
| | ইনশা | | | মুয়াল্লিমুল ইনশা | মাওঃ আব্দুল মাজেদ নদভী র. |
| ৫ | সরফ | ২ | ৭০ | ইলমুস সীগা | মুশতাক আহমদ চরথাওলী র. |
| ৬ | নাহব | ৪ | ১৪০ | হেদায়াতুন নাহব | সিরাজুদ্দীন উসমান র. |
| ৭ | ইতিহাস | ১ | ৩৫ | খেলাফতে রাশেদা | জয়নুল আবেদীন মিরাঠী র. |
| ৮ | বাংলা -১ | ৪ | ১৪০ | ৮ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৯ | বাংলা -২ | ২ | ৭০ | ৮ম শ্রেণি | |
| ১০ | ইংরেজী-১ | ৪ | ১৪০ | ৮ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১১ | ইংরেজী-২ | ২ | ৭০ | ৮ম শ্রেণি | |
| ১২ | গণিত | ৫ | ১৭৫ | ৮ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৩ | সমাজ | ৩ | ১০৫ | ৮ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৪ | বিজ্ঞান | ৩ | ১০৫ | ৮ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |

## নবম শ্রেণি الصف التاسع

| ক্র. ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতার/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন মাজীদ | ৪ | ১৪০ | (১৫-২৮) ১৪ পারা | |
| ২ | ইনশা | ২ | ৭০ | মুয়াল্লিমুল ইনশা | আব্দুল মাজেদ নদভী র. |
| ৩ | নাহব | ৪ | ১৪০ | কাফিয়া | ইবনে হাজেব র. |
| ৪ | মানতেক | ২ | ৭০ | তাইসিরুল মানতেক | আব্দুল্লাহ গাঙ্গুহী র. |
| ৫ | বালাগাত | ৩ | ১০৫ | দুরূসুল বালাগাত | নাসেফ বিন শায়খ ইসমাঈল নাসেফ র |
| ৬ | উসূলে ফিকাহ | ৪ | ১৪০ | উসূলুশ শাশী | নিজামুদ্দীন শাশী র. |
| ৭ | আরবী সাহিত্য | ৪ | ১৪০ | নাফহাতুল আরব | শায়খুল আদব এজাজ আলী র. |
| ৮ | বাংলা -১ | ৩ | ১০৫ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৯ | বাংলা -২ | ৩ | ১০৫ | ৯ম-১০ম শ্রেণি | |
| ১০ | ইংরেজী-১ | ৩ | ১০৫ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১১ | ইংরেজী-২ | ৩ | ১০৫ | ৯ম-১০ম শ্রেণি | |
| ১২ | গণিত | ৬ | ২১০ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৩ | ভূগোল | ৩ | ১০৫ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৪ | সাধারণ বিজ্ঞান | ২ | ৭০ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৫ | ইতিহাস | ২ | ৭০ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৬ | ইসলামিয়াত | ১ | ৩৫ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৭ | পৌরনীতি/ অর্থনীতি | ১ | ৩৫ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |

## দশম শ্রেণি الصف العاشر

| ক্র. ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতার/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন মাজীদ | ৪ | ১৪০ | ২১-২৪ নং পারা তরজমা | |
| ২ | হাদীস | ২ | ৭০ | রিয়াজুস সালেহীন | ইমাম ইয়হয়া বিন শরফ আন- নববী র. |
| ৩ | ফিকাহ | ৪ | ১৪০ | কুদুরী -২ | আবুল হাসান আহমদ বিন মুহাম্মদ র. |
| ৪ | আরবী সাহিত্য | ৪ | ১৪০ | নাফহাতুল আদব | ওয়াহিদুজ্জামান কিরানভী র. |
| ৫ | ইনশা | ২ | ৭০ | মুয়াল্লিমুল ইনশা | আব্দুল মাজেদ নদভী র. |
| ৬ | নাহব | ৪ | ১৪০ | কাফিয়া | ইবনে হাজেব র. |
| ৭ | মানতেক | ১ | ৩৫ | মিরকাত | ফজলে ইমাম খায়রাবাদী র. |
| ৮ | বাংলা -১ | ৩ | ১০৫ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৯ | বাংলা -২ | ৩ | ১০৫ | ৯ম-১০ম শ্রেণি | |
| ১০ | ইংরেজী-১ | ৩ | ১০৫ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১১ | ইংরেজী-২ | ৩ | ১০৫ | ৯ম-১০ম শ্রেণি | |
| ১২ | গণিত | ৬ | ২১০ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৩ | ভূগোল | ২ | ৭০ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৪ | সাধারণ বিজ্ঞান | ২ | ৭০ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |



| ক্র. ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতার/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১৫ | পৌরনীতি/ অর্থনীতি | ২ | ১০৫ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১৬ | ইসলাম ও নৈ. শিক্ষা | ১ | ৩৫ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোড |
| ১৭ | ইতিহাস | ১ | ৩৫ | ৯ম-১০ম শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোড |

এসএসসি পরীক্ষার বছর জেনারেল সকল বিষয়ের ক্লাস।

# উচ্চ মাধ্যমিক স্তর المرحلة الثانويةالعليا

## একাদশ শ্রেণি الصف الحادى عشر

| ক্র. ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতার/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন মাজীদ | ৪ | ১৪০ | ১১ থেকে ২০ নং পারা তরজমা | |
| ২ | হাদীস | ৩ | ১০৫ | রিয়াযুস সালেহীন | ইমাম ইয়াহয়া বিন শরফ আন নববী র. |
| ৩ | ফিকাহ | ৪ | ১৪০ | কানযুদ দাকায়েক | আবুল বারাকাত নাসাফী র. |
| ৪ | নাহব | ৪ | ১৪০ | শরহে ইবনে আকীল | বাহাউদ্দীন আব্দুল্লাহ বিন আকীল র. |
| ৫ | বাংলা -১ | ৩ | ১০৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৬ | বাংলা -২ | ৩ | ১০৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | |
| ৭ | ইংরেজী-১ | ৩ | ১০৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৮ | ইংরেজী-২ | ৩ | ১০৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | |
| ৯ | অর্থনীতি-১ | ৩ | ১০৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | |
| ১০ | পৌরনীতি-১ | ৩ | ১০৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | |
| ১১ | ইসলামের ইতিহাস-১ | ৩ | ১০৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | |
| ১২ | ইসলামী শিক্ষা-১ | ১ | ৩৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | |

## দ্বাদশ শ্রেণি الصف الثانى عشر

| ক্র. ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতার/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | কুরআন মাজীদ | ৪ | ১৪০ | ১ম থেকে ১০ পারা তরজমা | |
| ২ | ফিকাহ | ৪ | ১৪০ | শরহে বেকায়া-১ | সদরুশ শরীয়াহ র. |
| ৩ | ফিকাহ | ৪ | ১৪০ | শরহে বেকায়া-২ | সদরুশ শরীয়াহ র. |
| ৪ | ইনশা | ১ | ৩৫ | আত তরিকু ইলাল ইনশা | সুলতান যওক নদভী |
| ৫ | বালাগাত | ৪ | ১৪০ | মুখতাসারুল মাআনী-১ | সা'দুদ্দীন তাফতাযানী র. |
| ৬ | উসূলে ফিকাহ | ৪ | ১৪০ | নূরুল আনওয়ার-১ | মোল্লা জিওন র. |
| ৭ | মানতেক | ২ | ৭০ | কুতবী | মোঃ আবু আব্দুল্লাহ কুতুবুদ্দীন রাজী র. |
| ৮ | বাংলা-১ | ৩ | ১০৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ৯ | বাংলা-২ | ৩ | ১০৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | |

| ক্র.ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতাব/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১০ | ইংরেজী-১ | ৩ | ১০৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |
| ১১ | ইংরেজী-২ | ৩ | ১০৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | |
| ১২ | অর্থনীতি-২ | ২ | ৭০ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | |
| ১৩ | পৌরনীতি-২ | ২ | ৭০ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | |
| ১৪ | ইসলামের ইতিহাস-২ | ২ | ৭০ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | |
| ১৫ | ইসলামী শিক্ষা-২ | ১ | ৩৫ | একাদশ ও দ্বাদশ শ্রেণি | |

## স্নাতক স্তর مرحلةالفضيلة

### প্রথম বর্ষ السنةالاولى

| ক্র.ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতাব/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | তাফসীর-১ | ৬ | ২১০ | জালালাইন-১ | জালালুদ্দীন সুয়ূতী র. |
| ২ | তাফসীর-২ | ৬ | ২১০ | জালালাইন-২ | জালালুদ্দীন মহল্লী র. |
| ৩ | ফিকাহ-১ | ৬ | ২১০ | হেদায়া-১ | বুরহানুদ্দীন আল মরগীনানী র. |
| ৪ | আরবী সাহিত্য | ৬ | ২১০ | মুখতারাত | সাইয়েদ আবুল হাসান আলী নদভী র. |
| ৫ | বালাগাত | ৩ | ১০৫ | মুখতাসারুল মাআনী-২ | সা'দুদ্দীন তাফতাযানী র. |
| ৬ | উসূলে তাফসীর | ১ | ৩৫ | আল ফওযুল কবীর | শাহ ওয়ালিউল্লাহ দেহলভী র. |
| ৭ | উসূলে ফিকাহ | ৪ | ১৪০ | নূরুল আনওয়ার-২ | মোল্লা জিওন র. |
| ৮ | বাংলা | ৫ | ১৭৫ | স্নাতক শ্রেণি | জাতীয় বিশ্ববিদ্যালয় |
| ৯ | অর্থনীতি-১ | ৩ | ১০৫ | স্নাতক শ্রেণি | |
| ১০ | রাষ্ট্রবিজ্ঞান-১ | ৩ | ১০৫ | স্নাতক শ্রেণি | |
| ১১ | সমাজকল্যাণ-১ | ৩ | ১০৫ | স্নাতক শ্রেণি | |

### দ্বিতীয় বর্ষ الثانية السنة

| ক্র.ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতাব/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | হাদীস-১ | ৩ | ১০৫ | মেশকাত-১ | ওলীউদ্দীন মুহাম্মাদ বিন আব্দুল্লাহ র. |
| ২ | হাদীস-২ | ৩ | ১০৫ | মেশকাত-২ | ওলীউদ্দীন মুহাম্মাদ বিন আব্দুল্লাহ র. |
| ৩ | ফিকাহ-২ | ৬ | ২১০ | হেদায়া-১ | বুরহানুদ্দীন আল মরগীনানী র. |
| ৪ | বালাগাত | ৩ | ১০৫ | মুখতারাত | আলী আজ-জারেম ও মুস্তফা আমীন র. |
| ৫ | উসূলে তাফসীর | ৩ | ১০৫ | মুখতাসারুল মাআনী-২ | জালালুদ্দীন সুয়ূতী র. |
| ৬ | উসূলে হাদীস | ৩ | ১০৫ | মুকাদ্দামাতুশ শায়খ দেহলভী | শায়খ আব্দুল হক দেহলভী র. |
| ৭ | আকায়েদ | ৩ | ১০৫ | শরহে আকায়েদ-১ | সা'দুদ্দীন তাফতাযানী র. |
| ৮ | অর্থনীতি-২,৩ | ৬ | ১০৫ | স্নাতক শ্রেণি | |
| ৯ | রাষ্ট্রবিজ্ঞান-২,৩ | ৬ | ২১০ | স্নাতক শ্রেণি | |
| ১০ | সমাজকল্যাণ-২,৩ | ৬ | ২১০ | স্নাতক শ্রেণি | |



### তৃতীয় বর্ষ الثالثة السنة

| ক্র.ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতাব/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | হাদীস-১ | ৬ | ২১০ | মেশকাত-১ | ওলীউদ্দীন মুহাম্মাদ বিন আব্দুল্লাহ র. |
| ২ | হাদীস-২ | ৬ | ২১০ | মেশকাত-২ | ওলীউদ্দীন মুহাম্মাদ বিন আব্দুল্লাহ র. |
| ৩ | তাফসীর | ৬ | ২১০ | বায়যাবী | আব্দুল্লাহ নাসিরুদ্দীন আলবায়যাবী র. |
| ৪ | ফিকাহ-১ | ৬ | ২১০ | হেদায়া-৩ | বুরহানুদ্দীন আল মরগীনানী র. |
| ৫ | ফিকাহ-২ | ৬ | ২১০ | হেদায়া-৪ | বুরহানুদ্দীন আল মরগীনানী র. |
| ৬ | আকায়েদ | ৩ | ১০৫ | শরহে আকায়েদ-২ | সা'দুদ্দীন মাসউদ বিন উমর তাফতাজানী র. |
| ৭ | উসূলে হাদীস | ২ | ৭০ | শরহে নুখবা | ইবনে হাজার আসকালানী র. |
| ৮ | তারীখ | ১ | ৩৫ | তাহরীকে দেওবন্দ | আবুল ফাতাহ মুহাম্মদ ইয়াহইয়া |
| ৯ | ইংরেজী | ৬ | ২১০ | স্নাতক শ্রেণি | জাতীয় বিশ্ববিদ্যালয় |
| ১০ | অর্থনীতি-৪ | ৬ | ২১০ | স্নাতক শ্রেণি | |
| ১১ | রাষ্ট্রবিজ্ঞান-৪ | ৬ | ২১০ | স্নাতক শ্রেণি | |
| ১২ | সমাজকল্যাণ-৪ | ৬ | ২১০ | স্নাতক শ্রেণি | |

## দাওরায়ে হাদীস مرحلة التكميل

| ক্র.ম | বিষয় | সাপ্তাহিক পিরিয়ড | বার্ষিক পিরিয়ড | নির্ধারিত কিতাব/ নেসাব | লেখক |
|---|---|---|---|---|---|
| ১ | হাদীস | ৪ | ১৪০ | বুখারী-১ | মোহাম্মাদ ইসমাঈল বুখারী র. |
| ২ | হাদীস | ৪ | ১৪০ | বুখারী-২ | মোহাম্মাদ ইসমাঈল বুখারী র. |
| ৩ | হাদীস | ৪ | ১৪০ | মুসলিম-১ | মুসলিম ইবনুল হাজ্জাজ আল কুশাইরী র. |
| ৪ | হাদীস | ৪ | ১৪০ | মুসলিম-২ | মুসলিম ইবনুল হাজ্জাজ আল কুশাইরী র. |
| ৫ | হাদীস | ৪ | ১৪০ | তিরমিযী-১ | মুহাম্মাদ বিন ঈসা আত তিরমিযী র. |
| ৬ | হাদীস | ৩ | ১০৫ | তিরমিযী-২ | মুহাম্মাদ বিন ঈসা আত তিরমিযী র. |
| ৭ | হাদীস | ৩ | ১০৫ | নাসায়ী-১ | আহমদ বিন শুয়াইব আন-নাসারী র. |
| ৮ | হাদীস | ৩ | ১০৫ | নাসায়ী-২ | আহমদ বিন শুয়াইব আন-নাসারী র |
| ৯ | হাদীস | ১ | ৩৫ | মুয়াত্তা মালেক | মুহাম্মাদ বিন হাসান আশ শায়বানী র. |
| ১০ | হাদীস | ১ | ৩৫ | মুয়াত্তা মুহাম্মাদ | মালেক বিন আনাস র. |
| ১১ | হাদীস | ২ | ৭০ | শরহে মাআনিল আসার-১ | আবু জাফর আত্-তাহাবী র. |
| ১২ | হাদীস | ৩ | ১০৫ | আবু দাউদ-১ | সুলাইমান বিন আশআছ সিজিস্তানী র. |
| ১৩ | হাদীস | ৩ | ১০৫ | আবু দাউদ-২ | সুলাইমান বিন আশআছ সিজিস্তানী র. |
| ১৪ | উলূমুল হাদীস | ২ | ৭০ | মুকাদ্দামায়ে ফাতহুল মুলহিম | শিব্বীর আহমদ উছমানী র. |
| ১৫ | তারীখুল হাদীস | ২ | ৭০ | তাদবীনে হাদীস | মানাযির আহসান গিলানী র. |

## এক নজরে ১৬ বছরের কোর্স

| স্তর | দরসে নেজামী | সাধারণ | বছর |
|---|---|---|---|
| ইবতিদায়ী/ প্রাইমারী | মক্তব | ১ম- ৫ম শ্রেণি | ৫ বছর |
| মুতাওয়াসসিতা/ মাধ্যমিক (এসএসসি) | মীযান - কাফিয়া | ৬ষ্ঠ- ১০ম শ্রেণি | ৫ বছর |
| ছানভী/ উচ্চ মাধ্যমিক (এইচএসসি) | শরহে জামী, শরহে বেকায়া | ১১শ শ্রেণি ও ১২শ শ্রেণি | ২বছর |
| ফযীলত /স্নাতক (ডিগ্রী) | হেদায়া, জালালাইন, মেশকাত | স্নাতক ১ম, ২য়, ৩য় বর্ষ | ৩ বছর |
| তাকমীল | দাওরা | | ১ বছর |

যোগাযোগ
মাওলানা লিয়াকত আলী
শিক্ষা সচিব
মাদরাসা দারুর রাশাদ
মোবাইল : ০১৫৫২৫৪১৭১২